

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.০৮.০০.০০১.২০১৫-৯৭

তারিখ: ২২-০৪-২০১৮ খ্রি:।


বিষয়: টিবিএল এন্ড এএসপি ওপিৱ ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এর এএসপি কম্পোনেন্ট এর সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যানের প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: স্মারক নং-ডিজিএইচএস/এইডস/এসটিডি/২০১৭/১৫৪৩, তাং-২৫-০৩-২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, টিবিএল এন্ড এএসপি এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপিৱ ২০১৭-২০১৮ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের এইডস/এসটিডি কম্পোনেন্ট এর ৪টি প্যাকেজের বিপরীতে ১৫,১৫,১১,৫৪৮.৫০ (পনের কোটি পনের লক্ষ এগার হাজার পাঁচশত আটচল্লিশ দশমিক পাঁচ শূন্য) টাকা প্রাক্কলিত মূল্যের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো। ইতিপূর্বে স্মারক নং-২১৪ মূলে ১১-৯-১৭ তারিখে জারিকৃত এএসপি কম্পোনেন্ট এর বিপরীতে ১৫১৩.০০ লক্ষ টাকার প্রশাসনিক অনুমোদন এতদ্বারা বাতিল করা হলো।

শর্ত:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পন, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (গ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে Delegation of Financial Power, 2015 অনুযায়ী অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;
- (ঘ) ঔষধ ক্রয়ের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মূল্য অনুসরণ করতে হবে;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (চ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।



(হাসান মাহমুদ)
উপসচিব সচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
টিবি-লেপ্রসী এন্ড এএসপি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০০৭.০২.০০.০০১.২০১৮-১০৬

তারিখ: ২২-০৪-২০১৮ খ্রি:।

বিষয়: ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ এর জন্য এ্যাম্বুলেন্স ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান।

সূত্র: (১) স্মারক নং-ট্রমা/গোপ/২০১৮/২৪, তাং-১৩-০২-২০১৮ খ্রি:।


(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫-০৪-২০১৮ খ্রি: তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.১৫৯.২০১৮-২৮৫ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক, ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ এর প্রস্তাব এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে উক্ত প্রকল্পের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ১টি এ্যাম্বুলেন্স ৪২.০০ লক্ষ (বিয়াল্লিশ লক্ষ) টাকায় (রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ) ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্ত:

- (ক) এ্যাম্বুলেন্স ক্রয়ের ক্ষেত্রে পিপিএ, ২০০৬ এবং পিপিআর, ২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত দরের মধ্যে এ্যাম্বুলেন্স ক্রয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
- (গ) এ্যাম্বুলেন্স ক্রয়ের পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) বরাদ্দকৃত বাজেটের মধ্যে এ্যাম্বুলেন্স ক্রয় করতে হবে;
- (ঙ) বিল পরিশোধের পূর্বে এ্যাম্বুলেন্স ক্রয় করা হয়েছে মর্মে নিশ্চিত হতে হবে;
- (চ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ছ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ/সরকারি কোষাগারে জমা করতে হবে। প্রকল্প পরিচালক, ট্রমা সেন্টার

সংযুক্তি: ১ (এক) পাতা।


(হাসান মাহমুদ)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক
ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প
গোপালগঞ্জ।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।